

নং- ৫১.০১.০০০০.০০৪.১৮.১৪৬.২০. ৬৪২

তারিখ : ৩১-০৮-২০২১ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু, জনাব আল আমিন, নিরাপত্তা প্রহরী, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, নরসিংদী এর নামে অফিসের স্টাফসহ জেলা প্রশাসনের কার্যালয়ের কর্মচারীদের সাথে এমনকি ম্যাচ মেসারদের সাথে অশ্লীল আচরণ, রাতের বেলায় অফিস পাহাড়ার কোন কাজ না করে এলাকার বিভিন্ন নেশাগ্রস্ত লোকের সাথে আড্ডা দেন, দিনের বেলায় অফিসে উপস্থিত হয়ে প্রায়ই বসে বসে ঘুমান, উপজেলা পর্যায়ের স্টাফদের সাথে খারাপ ব্যবহার, অফিসে উপস্থিত থাকেন না এবং অফিসে উপস্থিত হয়ে অনুমতি ছাড়াই অফিস থেকে বের হয়ে যাওয়ার অভিযোগ রয়েছে;

যেহেতু, উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে ০৫-০৮-২০২১ খ্রি. তারিখ তাৎক্ষণিকভাবে তাকে অধিদপ্তরে ডেকে আনা হয় এবং ডোপ টেস্টের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে প্রেরণ করা হয়;

যেহেতু, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ডোপ টেস্ট করে খামবন্ধ প্রতিবেদন প্রেরণ করেন;

যেহেতু, প্রতিবেদনে তিনি ইয়াবা, গাজা, ভাঙ্গ, মারিজুয়ানা, হাসিস জাতীয় মাদক দ্রব্য সেবন করেন মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, একজন নিরাপত্তা প্রহরী মাদকাসক্ত হলে তার পক্ষে নিরাপত্তার কাজ করা সম্ভব নয়। ভবিষ্যতে বড় ধরনের দুর্ঘটনার আশংকা রয়েছে এবং এতে অধিদপ্তর ও মন্ত্রণালয়ের ভাবমূর্তির বিষয়টি জড়িত রয়েছে; এবং

যেহেতু, তিনি ০৯-১১-২০২০ খ্রি. তারিখ নিয়োগ প্রাপ্ত হয়ে ১৯-১১-২০২০ খ্রি. তারিখ যোগদান করেন, এখনও চাকুরি স্থায়ী করা হয়নি এবং তার উল্লিখিত আচরণ সন্তোষজনক নয়;

সেহেতু, নিয়োগ আদেশের ৪নং এবং ৯নং ক্রমিকের শর্তানুযায়ী তাকে সরকারি চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আতিকুল হক)

মহাপরিচালক

ফোন: ০২-৮৮৩৫৪৯৫

তারিখ : ৩১-০৮-২০২১ খ্রি.

নং- ৫১.০১.০০০০.০০৪.১৮.১৪৬.২০. ৬৪২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপপরিচালক (উপসচিব) (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য]।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নরসিংদী।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। জনাব আল আমিন, নিরাপত্তা প্রহরী, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, নরসিংদী (স্থায়ী ঠিকানা- জনাব আল আমিন, পিতা- মোঃ সোলাইমান, মাতা- সেলিনা বেগম, গ্রাম- নয়নপুর, ডাকঘর- মল্লিকবাড়ী-২২৪০, উপজেলা- ভালুকা, জেলা- ময়মনসিংহ)।

(ড. মোঃ হাবিব উল্লাহ বাহার)

(উপসচিব)

উপপরিচালক (প্রশাসন-২)

ফোন: ০২-২২২২৮৬০১৭